

DISABILITY CHECK LIST

ভূমিকা

মানসিক প্রতিবন্ধীদের সনাক্তকরণ এবং শ্রেণীবিন্যাস করার জন্য বাংলাদেশে কোন উপযুক্ত অভীক্ষা এখনও পাওয়া যায় না। যে সকল মনোবিজ্ঞানী, চিকিৎসক, কাউন্সেলর, বিশেষ চিকিৎসক এদের সনাক্তকরণ এবং শ্রেণীবিন্যাস করতে বাধ্য হন তারা সকলেই স্বীকার করেন যে, প্রচলিত আদর্শায়িত বুদ্ধি অভীক্ষাগুলো এদের সনাক্তকরণ কাজের জন্য অনুপযুক্ত। মানসিক প্রতিবন্ধীদের শ্রেণীবিন্যাস করার জন্য বিভিন্ন বইতে বুদ্ধ্যাক সঞ্চলিত যে বর্ণনা পাওয়া যায় সেগুলো কোন Intelligence Test ব্যবহার করে লিখা হয়েছে তার উল্লেখ পাওয়া যায় না। ১৯৮৬ - ১৯৮৮ সনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক ড: আনওয়ারুল হাসান সুফি Society for the Care and Education of the Mentally Retarded Children (SCEMRB) এর রাজশাহী শাখায় ব্যাপক চেষ্টা করেন কিভাবে প্রতিবন্ধী শিশুদের ওপর Standardized Intelligence Test ব্যবহার করা যায়। কিন্তু তিনি দেখতে পান Mild Mentally Retarded শিশুরা Standardized Test গুলোর কিছু অংশের উত্তর দিতে পারলেও সম্পূর্ণ Test শেষ করতে পারছেন। যদি তাদের কোন Physical handicapped অবস্থা থাকে তাহলে তারা একেবারেই কোন অংশ উত্তর দিতে পারে না। “Problems and prospects of the Mentally Retarded Persons in Auchpara Union of Bagmara Thana in Rajshahi District” এই শিরোনামে একটি গবেষণা পরিচালনা করতে গিয়ে গবেষক রাজশাহী জেলার বাগমারা থানার আউচপাড়া ইউনিয়নের বিভিন্ন গ্রামের মানসিক প্রতিবন্ধীদের তালিকা তৈরী ও তাদের প্রতিবন্ধিতার মাত্রা নির্ণয়ের জন্য প্রচলিত বুদ্ধি অভীক্ষা ব্যবহারের চেষ্টা করেন। প্রথমত: Raven's Standard Progressive Matrices এবং Alexander Pass Along Test ব্যবহারের চেষ্টা করেন। কিন্তু তিনি লক্ষ্য করেন যে, মানসিক প্রতিবন্ধীরা এসব অভীক্ষার নির্দেশনা ঠিকমত বুঝতে পারে না এবং সঠিক ভাবে প্রতিক্রিয়া করতে পারে না। ফলে তাদের উপর এই ধরনের Standardized Test প্রয়োগ করা সম্ভব হয় না। এই সকল Test দ্বারা মানসিক প্রতিবন্ধীদের সনাক্ত করা এবং শ্রেণীবিন্যাস করাও সম্ভব নয়।

এই সমস্যা সমাধানের জন্য এবং বর্তমান গবেষণা পরিচালনার স্বার্থে গবেষক তার গবেষণা সুপারভাইজার প্রফেসর আনওয়ারুল হাসান সুফি ও ৪জন বিশেষজ্ঞ চিকিৎসকের সহায়তায় একটি Check list তৈরী করেন। Check list তৈরী করতে যে সকল বিশেষজ্ঞ চিকিৎসক সহায়তা করেন তারা হলেন-

১. ডাঃ তোফাজ্জল হক, রাজশাহী মেডিক্যাল কলেজ
২. ডাঃ কাজী ওয়ালী আহমেদ, বগুড়া মেডিক্যাল কলেজ
৩. ডাঃ শামিম-উল-মাওলা, ছিন্নমুকুল, কুড়িগ্রাম
৪. ডাঃ মাওলা বক্স চৌধুরী, আটোয়ারী হেলথ কমপ্লেক্স, পঞ্চগড়।

এই সকল চিকিৎসক দীর্ঘদিন ধরে মানসিক প্রতিবন্ধীদের বিভিন্ন সার্ভিস প্রোগ্রামে জড়িত আছেন।

Check list – এর বর্ণনা

এই Check list মানসিক প্রতিবন্ধীদের সনাক্তকরণ এবং শ্রেণীবিন্যাস করার জন্য ব্যবহারযোগ্য। এর মাধ্যমে একজন ব্যক্তির কতকগুলি আচরণ বৈশিষ্ট্যের প্রতিক্রিয়ার মাত্রা নির্ণয় করার সুযোগ আছে। বৈশিষ্ট্যগুলি শারীরিক ও মানসিক বিকাশের সাথে সম্পর্কযুক্ত। একজন ব্যক্তির স্বাভাবিক আচরণের জন্য এই সকল বৈশিষ্ট্যের পূর্ণাঙ্গ বিকাশ আবশ্যিক। যে কোন বৈশিষ্ট্যের অপূর্ণাঙ্গ বিকাশ একজন ব্যক্তির স্বাভাবিক আচরণকে বাধাগ্রস্ত করবে বলে ধরা হয়েছে। আচরণ বৈশিষ্ট্যগুলি হল-

টয়লেট ট্রেনিং, পোষাক পরিধান ক্ষমতা, খাবার নিজে খেতে পারার ক্ষমতা, বসা, দাঁড়ানো, হাঁটা, শব্দ উচ্চারণ এবং কথা, শ্রবণ শক্তি, দ্রাণ শক্তি, স্বাদ সংবেদন, ত্বক সংবেদন (ঠাণ্ডা, গরম, চাপ, ব্যথা), কোন নির্দেশ বুঝতে পারার ক্ষমতা, সাধারণ শারীরিক গঠন, বুদ্ধি, স্মৃতি শক্তি, চঞ্চলতা, সমবয়সীদের তুলনায় সাধারণ জ্ঞান, স্কুলের সামগ্রিক আচরণ, বাড়ীতে সামগ্রিক আচরণ, সামাজিক প্রেক্ষাপটে সামগ্রিক আচরণ, খেলাধুলার সময় আচরণ, রাস্তাঘাটে চলার সময় আচরণ, বাড়ীতে অতিথি এলে আচরণ, অন্য আত্মীয়ের বাড়ীতে গেলে আচরণ, বাজারে / দোকান পাটে নিয়ে গেলে আচরণ, শিক্ষকদের সাথে আচরণ, বাবা-মার সাথে আচরণ, ভাইবোনদের সাথে আচরণ, পরিচিতজনদের সাথে আচরণ, অপরিচিতজনদের সাথে আচরণ, চিকিৎসকের / কাউন্সেলর এর সাথে আচরণ, সমবয়সীদের সাথে আচরণ এবং পরিষ্কার পরিচ্ছন্নতা।

এই Check list এর সাহায্যে গবেষক প্রতিবন্ধীর বিভিন্ন আচরণ বৈশিষ্ট্য এক এক করে বিবেচনা করবেন এবং এগুলোর মূল্যায়ন নিম্নবর্ণিত স্কেল অনুযায়ী করার চেষ্টা করবেন।

৪	৩	২	১	০

প্রতিক্রিয়ার মাত্রা নির্ণয়

এই Check list - এ মোট ৩৩ টি আচরণ বৈশিষ্ট্য নেয়া হয়েছে। প্রতিটি বৈশিষ্ট্যের জন্য ৫ টি প্রতিক্রিয়ার মাত্রা নির্ধারণ করা হয়েছে। ১ম মাত্রা হল খুব ভাল / খুব বেশী / খুবই সন্তোষজনক, ২য় মাত্রা হল ভাল / বেশী / সন্তোষজনক, ৩য় মাত্রা হল মোটামুটি / স্বাভাবিক, ৪র্থ মাত্রা হল খারাপ / কম এবং ৫ম মাত্রা হল খুব খারাপ / খুব কম। প্রতিটি আচরণ বৈশিষ্ট্যের ক্ষেত্রে ব্যক্তির অবস্থান কোন মাত্রায় তা প্রথমে নির্ধারণ করতে হবে। অবস্থান নির্ধারণের জন্য পিতা-মাতা বা অভিভাবকের মতামতের পাশাপাশি গবেষক তার নিজেস্ব পর্যবেক্ষণের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

পয়েন্ট গণনা পদ্ধতি

প্রতিটি প্রতিক্রিয়ার মাত্রার জন্য পৃথক পৃথক পয়েন্ট নির্দিষ্ট করা হয়েছে। নিম্নের টেবিলে প্রতিক্রিয়ার মাত্রা এবং নির্দিষ্ট পয়েন্ট দেখান হল।

প্রতিক্রিয়ার মাত্রা	নির্ধারিত পয়েন্ট
খুব ভাল / খুব বেশী / খুবই সন্তোষজনক	৪
ভাল / বেশী / সন্তোষজনক	৩
মোটামুটি / স্বাভাবিক	২
খারাপ / কম	১
খুব খারাপ / খুব কম	০

এই Check list এ প্রাপ্ত সর্বোচ্চ পয়েন্ট হতে পারে (৩৩ x ৪) ১৩২ এবং সর্ব নিম্ন পয়েন্ট হতে পারে (৩৩ x ০) ০। শুধু মাত্র ০ থেকে ৮৩ পর্যন্ত পয়েন্টকে ৫টি Range - এ বিভক্ত করা হয়েছে। Range এর ভিত্তিতে ৫টি Category নির্ধারণ করা হয়েছে। Range ভিত্তিক Category নীচের টেবিলে দেখান হল।

Range	Category
৬৭ - ৮৩	Borderline
৫১ - ৬৬	Mild
৩৪ - ৫০	Moderate
১৮ - ৩৩	Severe
০ - ১৭	Profound

সিদ্ধান্ত গ্রহন

এই Check list এ যদি কোন শিশুর / ব্যক্তির প্রাপ্ত পয়েন্ট ৮৩ এর উপর হয় তাহলে সে স্বাভাবিক বুদ্ধি সম্পন্ন বলে বিবেচিত হবে। যদি তার প্রাপ্ত পয়েন্ট ০ থেকে ৮৩ এর মধ্যে হয় তাহলে তাকে মানসিক প্রতিবন্ধী হিসাবে সনাক্ত করা হবে। তার প্রাপ্ত পয়েন্ট যে Range - এ পাওয়া যাবে তাকে সেই Range - এ বর্ণিত Category তে অন্তর্ভুক্ত করা হবে।

এই Check list এর ত্রুটি

এই Check list এখনও Standardized করা হয়নি। অন্য কোন Behaviour Check list নাই যেটার সাথে এই Check list কে তুলনা করা যায়।

Rating পদ্ধতি

যেভাবে এই Check list এর Rating করা হয়েছে তা এখানে বর্ণনা করা হল। এই Check list - এ যে সকল আচরণ বৈশিষ্ট্য নেয়া হয়েছে সেগুলোর প্রতিটির ৫ ধরনের প্রতিক্রিয়ার মাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রতিক্রিয়ার প্রথম মাত্রাকে আচরণ বৈশিষ্ট্যের উন্নত স্তর, দ্বিতীয় মাত্রাকে স্বাভাবিক স্তর এবং শেষ মাত্রা অর্থাৎ ৫ম মাত্রাকে আচরণ বৈশিষ্ট্যের সর্বনিম্ন স্তর বিবেচনা করা হয়েছে। তৃতীয় মাত্রাকে মধ্যবিন্দু মাত্রা ধরা হয়েছে। ১ম মাত্রার জন্য ৪ পয়েন্ট, ২য় মাত্রার জন্য ৩ পয়েন্ট, ৩য় মাত্রার জন্য ২ পয়েন্ট, ৪র্থ মাত্রার জন্য ১ পয়েন্ট এবং ৫ম মাত্রার জন্য ০ পয়েন্ট নির্দিষ্ট করা হয়েছে। এই Check list প্রয়োগের মাধ্যমে একজন ব্যক্তির ৩৩টি আচরণ বৈশিষ্ট্যের প্রতিক্রিয়ার মাত্রা নির্ণয় করে পয়েন্ট গণনা করা হলে বিভিন্ন মাত্রায় সর্বোচ্চ নিম্নরূপ বর্ণিত পয়েন্ট হতে পারে।

$$১ম মাত্রা (৩৩ \times ৪) = ১৩২$$

$$২য় মাত্রা (৩৩ \times ৩) = ৯৯$$

$$৩য় মাত্রা (৩৩ \times ২) = ৬৬$$


$$৪র্থ মাত্রা (৩৩ \times ১) = ৩৩$$

$$৫ম মাত্রা (৩৩ \times ০) = ০০$$

$$২য় ও ৩য় মাত্রার মধ্যবিন্দু $(৯৯ + ৬৬) = ১৬৫ / ২ = ৮২.৫ = ৮৩$$$

$$৩য় ও ৪র্থ মাত্রার মধ্যবিন্দু $(৬৬ + ৩৩) = ৯৯ / ২ = ৪৯.৫ = ৫০$$$

$$৪র্থ ও ৫ম মাত্রার মধ্যবিন্দু $(৩৩ + ০০) = ৩৩ / ২ = ১৬.৫ = ১৭$$$



এই Check list -এর প্রতিটি আচরণ বৈশিষ্ট্যের প্রতিক্রিয়াকে ৫টি মাত্রায় বিভক্ত করা হয়েছে। ১ম মাত্রায় আচরণ বৈশিষ্ট্যের প্রতিক্রিয়া গুলি হল- খুব ভাল / খুব বেশী / খুবই সন্তোষজনক। এই মাত্রায় সবাই প্রতিক্রিয়া করতে পারেনা। শুধুমাত্র উচ্চ মেধা সম্পন্ন ব্যক্তির পক্ষে এই মাত্রায় প্রতিক্রিয়া করা সম্ভব। ২য় মাত্রায় আচরণ বৈশিষ্ট্যের প্রতিক্রিয়া হল- ভাল/ বেশী/ সন্তোষজনক। এই মাত্রায় অনেকের পক্ষেই প্রতিক্রিয়া করা সম্ভব। আবার এই মাত্রায় প্রতিক্রিয়াগুলি ক্রটিমুক্ত। ৩য় মাত্রায় ২৯টি আচরণ বৈশিষ্ট্যের ক্ষেত্রে প্রতিক্রিয়া হল “মোটামুটি” এবং মাত্রা ২টির ক্ষেত্রে প্রতিক্রিয়া হল “স্বাভাবিক”। “মোটামুটি” শব্দের দ্বারা যে কোন আচরণ বৈশিষ্ট্যের স্বাভাবিক প্রতিক্রিয়ার নীচের অবস্থান বুঝানো হয়েছে। এই মাত্রায় অন্য দুইটি প্রতিক্রিয়া “স্বাভাবিক” একই অর্থে ব্যবহৃত হয়েছে। সুতরাং ২য় মাত্রাকে প্রতিক্রিয়ার স্বাভাবিক মাত্রা ধরা হয়েছে।

যেহেতু ২য় মাত্রাকে স্বাভাবিক মাত্রা ধরা হয়েছে সেহেতু ৩য় মাত্রার উপর থেকে শুরু করে ২য় ও ৩য় মাত্রার মধ্যবিন্দু পর্যন্ত (৬৭ - ৮৩) Borderline, ৩য় ও ৪র্থ মাত্রার মধ্যবিন্দুর উপর থেকে শুরু করে ৩য় মাত্রা পর্যন্ত (৫১ - ৬৬) Mild, ৪র্থ মাত্রার উপর থেকে শুরু করে ৩য় ও ৪র্থ মাত্রার মধ্যবিন্দু পর্যন্ত (৩৪ - ৫০) Moderate, ৪র্থ ও ৫ম মাত্রার মধ্যবিন্দুর উপর থেকে শুরু করে ৪র্থ মাত্রা পর্যন্ত (১৮ - ৩৩) Severe এবং ৫ম মাত্রা থেকে শুরু করে ৪র্থ ও ৫ম মাত্রার মধ্যবিন্দু পর্যন্ত (০ - ১৭) Profound বিবেচনা করা হয়েছে।

CHECK LIST

(নির্দিষ্ট ঘরে (✓) চিহ্ন দিন)

বর্তমান আচরণ বৈশিষ্ট্য	প্রতিক্রিয়ার মাত্রা					মন্তব্য
	খুব ভাল	ভাল	মোটামুটি	খারাপ	খুবখারাপ	
টয়লেট ট্রেনিং						
পোষাক পরিধান ক্ষমতা						
খাবার নিজে খেতে পারার ক্ষমতা						
বসা						
দাঁড়ানো						
হাঁটা						
শব্দ উচ্চারণ এবং কথা						
শ্রবণ শক্তি						
স্রাণ শক্তি						
স্বাদ সংবেদন						
ত্বক সংবেদন (ঠাণ্ডা, গরম, চাপ, ব্যথা)						
কোন নির্দেশ বুঝতে পারার ক্ষমতা						
সাধারণ শারীরিক গঠন						
বুদ্ধি						
স্মৃতি শক্তি						
চঞ্চলতা	খুব বেশী	বেশী	স্বাভাবিক	কম	খুব কম	
স্বাভাবিক বুদ্ধি ও সমবয়সীদের তুলনায় সাধারণ জ্ঞান	খুব বেশী	বেশী	স্বাভাবিক	কম	খুব কম	

বর্তমান আচরণ বৈশিষ্ট্য	প্রতিক্রিয়ার মাত্রা					মন্তব্য
জুনের সামগ্রিক আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
বাড়ীতে সামগ্রিক আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
সামাজিক প্রেক্ষাপটে সামগ্রিক আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
খেলা-ধুলার সময় আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
রাস্তাঘাটে চলার সময় আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
বাড়ীতে অতিথি এলে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
অন্য আত্মীয়ের বাড়ীতে গেলে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
বাজারে/দোকান পাটে নিয়ে গেলে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
শিক্ষকদের সাথে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
বাবা-মার সাথে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
ভাই-বোনদের সাথে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
পরিচিতজনদের সাথে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
অপরিচিতজনদের সাথে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
চিকিৎসকের / কাউন্সেলর এর সাথে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
সমবয়সীদের সাথে আচরণ	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	
পরিষ্কার পরিচ্ছন্নতা	খুবই সন্তোষজনক	সন্তোষজনক	মোটামুটি	খারাপ	খুব খারাপ	